

মাধ্যমিক পরীক্ষায় নকল
ও দুর্নীতি প্রশ্নে

ভিডিও পত্র

(মতামতের জন্য সম্পাদক দায়ী নন)

গত ১১ই ফাল্গুন 'দৈনিক সংবাদ'-এর চিঠিপত্র কলামে প্রকাশিত ওয়ালিউল্লাহ পাটোয়ারী সাহেবের বক্তব্যটি পড়ে আমি দারুণভাবে মর্মান্বিত হয়েছি। তার মতামত মোটেও নিরপেক্ষ ও বস্তুনিষ্ঠ মনে হচ্ছে না।

পাটোয়ারী সাহেবের লেখায় স্পষ্টভাবে তুলে ধরা হয়েছে যে,
১। হেডমাষ্টার সাহেবানরা পরীক্ষার্থী এলাউ ও রেজিস্ট্রেশন-এর ব্যাপারে দুর্নীতিপরায়ণ না হলে পরীক্ষায় এত বছর যাবৎ নকল চলতে পারত না।

২। ম্যাজিস্ট্রেট সাহেবরা তাদের জীবনের ঝুঁকি নিয়ে পরীক্ষা হলের তদারকি করে কোন বকমে পরীক্ষার মর্য়াদা বজায় রাখছেন।

৩। জেলা শহরের পরীক্ষা কেন্দ্রগুলোতে নকল হয় না, আর
৪। মফস্বলের লেখাপড়া গেছে গোলায়।

একজন প্রাক্তন হেড মাষ্টার হিসেবে পাটোয়ারী সাহেবের কাছে আমার প্রশ্ন : হেড মাষ্টার থাকাকালীন আপনি যত পরীক্ষার্থীকে রেজিস্ট্রেশন ও এলাউ করেছেন তাদের কেউ কি ঘটনা চক্রে দু'একবার ফেল করেনি? যদি ফেল করে থাকে তাহলে এলাউ ও রেজিস্ট্রেশনে দুর্নীতি বলতে আপনি কি বোঝাতে চেয়েছেন? তাছাড়া, কিছুসংখ্যক নিম্নমানের পরীক্ষার্থীকে এলাউ করাটাই কি নকলের একমাত্র কারণ? কই আপনি যখন হেডমাষ্টার ছিলেন তখনো তো বহু পরীক্ষার্থী ফেল করতো, তারা কি এই হারে নকল করার চেষ্টা করেছে? তখন তো ম্যাজিস্ট্রেট সাহেবদেরও জীবনের ঝুঁকি নিতে হয়নি। তাহলে বঝতে হবে নকলের কারণ অন্য কোথাও।

একটা প্রবাদ আছে আমাদের এলাকায় 'ছাগল নাচে ঝুঁটির জোরে'। পরীক্ষায় নকল দমন করতে যদি ম্যাজিস্ট্রেট সাহেবদের মত অফিসারদের জীবনের ওপর ঝুঁকি আসে তাহলে বেচারী মাষ্টারদের অবস্থা কি হতে পারে? তাদের জানমালের নিশ্চয়তা দেবার আছে কি কেউ? এক সময়ের বাবা বাবা শিক্ষক, যাদের

নাম শুনলে পরীক্ষার্থীদের গায়ে রীতিমত জ্বর উঠত তারা এখন পরীক্ষার হলে ভিউটি দিতে গিয়ে বারান্দায় বসে বসে পান চিবোয়। আছে কি কোন কতৃপক্ষ যারা তাদের জানমালের নিরাপত্তার নিশ্চয়তা দিতে পারে বিশ্বাসযোগ্যভাবে? আসল ব্যাপার হচ্ছে শিক্ষকগণ যদি নিশ্চিত হতে পারতেন যে, পরীক্ষার হলে ঠিকভাবে পরিষ্ক পানন করলে তাদের জীবন বিপন্ন হবে না তাহলে পরীক্ষার হলে নকল হত না--পরীক্ষার কেন্দ্র যেখানেই হোক না কেন। ম্যাজিস্ট্রেট কেন, কোন অফিসার সম্প্রদায় নকল রোধ করতে পারবে না, তারা আপাতদৃষ্টিতে যত ক্ষমতাবানই হোক না কেন। তাই বলি শিক্ষার সর্বপ্রকার সমস্যার সমাধানের জন্য যত শিগগির আমরা শিক্ষকদের পূর্ণ নির্ভর করতে শিখব ততই মঙ্গল।

হেড মাষ্টারদের দুর্নীতি দমন করতে পারে বোর্ডের চেয়ারম্যানরা। কিন্তু এই দুর্নীতি দমন না করার জন্য পাটোয়ারী সাহেবের চোখে তারা দোষী নন। কারণ "তারা বিশেষ মহলের চাপে কার্যকর কোন পদক্ষেপ গ্রহণ করতে পারছেন না। তাহলে আমরা কি ভাবব? এই বিশেষ মহলের লোকজন কখনো হেডমাষ্টারদেরকে কোন খারাপ কাজ করার জন্য চাপ দেয় না। একই কারণে পাটোয়ারী সাহেব কি পারতেন না তার উত্তরসূরিদেরকে একটু কৃপা দেখাতে?

পরিশেষে, কেবল মফস্বলের শিক্ষা গোলায় গেছে এইরূপ ধারণা পাটোয়ারী সাহেবের কেন জন্মালো আমার বোধগম্য নয়। আসলে কোন অঞ্চলের বা কোন সম্প্রদায়ের নয় সারাদেশের শিক্ষাই গোলায় যাওয়ার উপক্রম--শুধু হেডমাষ্টাররা এই জন্য এককভাবে দায়ী নয়।

গিয়াসউদ্দিন আহমেদ,
সহযোগী অধ্যাপক,
অর্থনীতি বিভাগ, পটুয়াখালী
সরকারী কলেজ, পটুয়াখালী।